বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৭৮

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বাংলাদেশে বিনিয়োগ বাড়াতে আগ্রহী টেরা পার্টনার্স ইউএসএ।**

বাংলাদেশের পুঁজিবাজারে ফরেন পোর্টফোলিও বিনিয়োগ (এফপিআই) বাড়াতে অনুসন্ধান করছে টেরা পার্টনার্স ইউএসএ। বাংলাদেশের ভবিষ্যৎ সম্ভাবনা ও বাজার পরিবেশ দেখে পরিকল্পনা প্রণয়নের কথা জানিয়েছে টেরা পার্টনার্স ইউএসএ এর প্রতিনিধি ইয়ার্ডেন মারিয়ামা, সিএফএ।

আজ বৃহস্পতিবার বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সাথে সৌজন্য সাক্ষাত করেন টেরা পার্টনার্স ইউএসএ এর প্রতিনিধি ইয়ার্ডেন মারিয়ামা। সাক্ষাতকালে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর কমিশনার জনাব ফারজানা লালারুখ। এছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিটি ব্যাংক ব্রোকারেজ এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এম. আফনান ইউসুফ ও সিটি ব্যাংক ব্রোকারেজ এর রিচার্স ও ইনভেস্টমেন্ট হেড জনাব এ কে এম ফজলে রাব্বী।

উক্ত সাক্ষাতে ভবিষ্যতে বাংলাদেশে কীভাবে ফরেন পোর্টফোলিও বিনিয়োগ (এফপিআই) বাড়ানো যেতে পারে এসব বিষয় নিয়ে দু পক্ষের মধ্যে আলোচনা হয়। এছাড়াও, বাংলাদেশে সুন্দর বিনিয়োগ পরিবেশ আছে এবং এদেশের বিনিয়োগ ভবিষ্যত আরো সম্ভাবনাময় বলে টেরা পার্টনার্স ইউএসএ এর পক্ষ থেকে অভিমত প্রকাশ করা হয়। উল্লেখ্য, টেরা পার্টনার্স ইউএসএ প্রায় ২০ (বিশ) বছর যাবৎ বাংলাদেশে বিনিয়োগ করে আসছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর পক্ষে

12-12-2024
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

